

ওমরাহ যাত্রার ১০ দিন আগে নিতে হবে মেনিনজাইটিস টিকা

- A Monitor Desk Report

Date: 27 January, 2025



ঢাকা: পবিত্র ওমরাহ ও সৌদি আরবগামী ডিজিট ভিসাধারীদের জন্য মেনিনজাইটিস টিকা যাত্রার ১০ দিন আগে নিতে হবে।

রবিবার (২৬ জানুয়ারি) এ সংক্রান্ত একটি নির্দেশনা জারি করেছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়।

নির্দেশনায় বলা হয়, বাংলাদেশ দূতাবাস, সৌদি আরব এর নির্দেশনা অনুযায়ী আগামী ১০ ফেব্রুয়ারি থেকে যে সকল যাত্রী ওমরাহ ভিসায় সৌদি আরব যাবেন অথবা ডিজিট ভিসায় সৌদি আরবে গিয়ে ওমরাহ অথবা যিয়ারাহ করবেন তাদের বাধ্যতামূলকভাবে মেনিনজাইটিস টিকা গ্রহণ করতে হবে। সম্মানিত যাত্রীদের যাত্রার তারিখ হতে কমপক্ষে ১০ দিন পূর্বে বাধ্যতামূলকভাবে মেনিনজাইটিস ভ্যাকসিন গ্রহণ করতে হবে। তবে এক বছরের কম বয়সী শিশুদের ক্ষেত্রে ভ্যাকসিন নেওয়ার প্রয়োজন নাই।

নির্দেশনায় আরও বলা হয়, মেনিনজাইটিস প্রতিরোধক দুই ধরনের ভ্যাকসিন রয়েছে। **Meningococcal quadrivalent (ACYW-135) Polysaccharide Vaccine** নিলে তিন বছর এবং **Meningococcal quadrivalent (ACYW-135) Conjugated Vaccine** নিলে পাঁচ বছর পর্যন্ত ভ্যাকসিন সনদটি কার্যকর থাকবে। অর্থাৎ যারা যাত্রার তারিখ হতে বিগত ৩ বছরের মধ্যে **Polysaccharide Vaccine** গ্রহণ করেছেন অথবা যাত্রার তারিখ হতে বিগত ৫ বছরের মধ্যে **Conjugated Vaccine** গ্রহণ করেছেন তাদের আর নতুন করে ভ্যাকসিনের প্রয়োজন নাই। তবে, অবশ্যই ভ্যাকসিন গ্রহণের সনদটি সঙ্গে রাখতে হবে। এবং ভ্যাকসিন সনদে অবশ্যই নিজের পরিচয়, ভ্যাকসিনের নাম, ধরণ ও ভ্যাকসিন গ্রহণের তারিখ যথাযথভাবে উল্লেখ থাকতে হবে। অন্যথায় তা গ্রহণযোগ্য হবে না।

ওমরাহ ও ডিজিট ভিসায় গমনকারী যাত্রীরা নিজস্ব অর্থাৎ ভ্যাকসিন সংগ্রহ করে নির্ধারিত সরকারি প্রতিষ্ঠান থেকে ভ্যাকসিন গ্রহণের পর সেখান থেকে সনদ নেবেন। হজ যাত্রীদের ন্যায় ওমরাহ ও ডিজিট ভিসায় যাত্রীদের ভ্যাকসিন সনদ প্রদান এবং ওই ভ্যাকসিনের সনদ ডিজিটালভাবে এমআইএস এর **Vax EPI** সিস্টেমে আপলোড করতে হবে। তবে সৌদি আরবের ওয়ার্ক ভিসার গমনেচ্ছু যাত্রীদের ক্ষেত্রে এ

নির্দেশনা প্রযোজ্য হবে না।

এ অবস্থায় ওমরাহ ও ভিজিট ভিসায় সৌদি আরব গমনকারী যাত্রীদের মেনিনজাইটিস টিকা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয় নির্দেশনায়।

-B